তারিখ 10 NOV 1988
পৃষ্ঠা ৮ কলাম ৭

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র



## কসবা টিআলী কলেজে পরীক্ষা কেন্দ্র চাই

কসবা টি আলী কলেজটি ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলা সদরে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত। অভিজ্ঞ অধ্যাপক মন্ডলী দ্বারা পরিচালিত দোতলা ভবন বিশিষ্ট এ কলেজে বর্তমানে প্রায় ৬ থেকে ৭ শত নিয়মিত ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। তাছাড়া এখানে রয়েছে উন্নত সড়ক ও রেল যোগাযোগ ব্যবস্থার সুবিধা। কিন্তু দুঃখের বিষয় এ কলেজে এখনও এইচ এসসি পরীক্ষার কেন্দ্র স্থাপিত হয়নি। তাই এ কলেজের পরীক্ষার্থীদের অনেক কষ্টে একই উপজেলার প্রায় ১০ মাইল দূরে গ্রামাঞ্চলে অবস্থিত সৈয়দাবাদ আদর্শ মহাবিদ্যালয়ের নিয়ন্ত্রণাধীন কেন্দ্রে গিয়ে পরীক্ষা দিতে হয়। সেখানে থাকা-খাওয়ার কোন সুবন্দোবস্ত নেই এবং সেখানকার যোগাযোগ ব্যবস্থাও অনুন্নত। এ অবস্থায় এবং যেহেতু এসএসসি পরীক্ষার কেন্দ্রটি সদরে রয়েছে, তাই এইচএসসি পরীক্ষার কেন্দ্রটিও উপজেলা সদরে থাকা বাঞ্ছনীয় বলে এলাকাবাসী মনে করেন।

অতএব ১৯৮৯ সাল থেকে কসবা টি আলী কলেজে এইচ-

# জনমত

এসসি পরীক্ষার কেন্দ্র স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

—মোঃ মোছলেম উদ্দিন,
শাহপুর কসবা ব্রাহ্মণবাড়িয়া।